

# গোরক্ষায় উদ্ভিন্ন সরকারের নারীর সম্ভ্রম রক্ষায় উদ্বেগ কোথায় ?

## এস ইউ সি আই (সি)

হরিয়ানায় সম্প্রতি পরপর গণধর্ষণ ও হত্যার ঘটনা ঘটেছে। প্রতিকারের দাবি জানিয়ে এস ইউ সি আই (সি)-র সাধারণ সম্পাদক কমরেড প্রভাস ঘোষ ১৫ মে এক বিবৃতিতে বলেন, ৯ মে হরিয়ানার রোহটকে দুষ্কৃতীরা এক তরুণীকে তুলে নিয়ে গিয়ে গাড়ির মধ্যে গণধর্ষণ করে এবং নৃশংসভাবে হত্যা করে। এই বর্বরোচিত ঘটনায় কাউকে গ্রেপ্তার করার আগেই ১৩ মে দিল্লির নিকটবর্তী গুরগাঁওয়ে অনুরূপ একটি নারকীয় ঘটনা ঘটেছে। দিল্লি নিবাসী সিকিমের এক মহিলাকে রাস্তা থেকে তুলে নিয়ে গণধর্ষণ করে মধ্যরাতে গাড়ি থেকে ছুঁড়ে ফেলে দিয়ে পালিয়ে যায় দুষ্কৃতীরা। দেশে এই ধরনের মর্মান্বন ঘটনা একের পর এক ঘটে চলেছে, যা অত্যন্ত উদ্বেগের। রাজধানী দিল্লিতে বিশেষ করে উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলির মহিলারা অপরাধীদের আক্রমণের লক্ষ্যবস্তুতে পরিণত হচ্ছেন— এটাও অত্যন্ত দুঃখজনক। কেন্দ্রীয় সরকার এবং শাসক দল বিজেপি গোরক্ষার জন্য খুবই উদ্ভিন্ন। কিন্তু এ দেশের নারী সমাজের জীবন ও সম্মান রক্ষার জন্য তাদের সামান্যতম উদ্বেগ কোথায় ?

এই অবস্থায় আমাদের দাবি— ১) উপরোক্ত ঘটনাগুলির সঙ্গে যুক্ত অপরাধীদের অবিলম্বে গ্রেপ্তার ও কঠোর শাস্তি দিতে হবে,

২) অবিলম্বে এ দেশের নারী সমাজের সুরক্ষা এবং নিরাপত্তার জন্য উপযুক্ত ব্যবস্থা নিতে হবে।

## এ আই এম এস এস-এর প্রতিবাদ

নির্ভয়া কাণ্ডের সঙ্গে যুক্ত চার অপরাধীর মৃত্যুদণ্ড সংক্রান্ত সুপ্রিম কোর্টের রায়কে স্বাগত জানিয়েছে অল ইন্ডিয়া মহিলা সাংস্কৃতিক সংগঠনের সর্বভারতীয় কমিটি। সাথে সাথে হরিয়ানার গণধর্ষণ ও হত্যার মর্মান্বন ঘটনাগুলিতে যুক্ত দুষ্কৃতীদের কঠোরতম শাস্তির দাবি জানিয়েছে।